মূল শ্লোকের শ্রীগোস্বামীপাদকৃত ব্যাখ্যা, যথা—আকিঞ্চন নিষ্কামা। গুণ ও বৈরাগ্য প্রভৃতির সহিত শিব, ব্রহ্মা প্রভৃতি দেবগণ সেই ভক্তে নিত্যবাস করিয়া থাকেন। ৫।১৮ ॥ ১০৯ ॥

অতএব তন্মার্গসিদ্ধমুনীনামপ্যনাদরঃ—অহ্ন্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ। দৈবাহতার্থরচনা মুনয়োঽপি দেব যুষ্মৎ প্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি॥ ১১০ ॥

অহ্নি আপৃতেত্যাদিস্বভাবা যুষ্মদ্ভজনবিমুখাঃ চেৎ সংসারিনো ভবন্তি। কিং বহুনা তত্তন্মার্গসিদ্ধা মুনয়োঽপি যুষ্মৎপ্রসঙ্গবিমুখাশ্চেৎ ইহ জগতি তদ্বদেব সংসরন্তি। অথবা মুনয়োঽপি তদ্বিমুখাশ্চেত্তর্হি সংসরন্ত্যেব। কথম্ভূতাঃ সন্তঃ সংসরন্তীত্যত্রাহ, অহ্ন্যাপৃতেত্যাদি। আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদমিত্যাদেঃ। অত উক্তং শ্রীধর্ম্মেণ—ধর্ম্মন্তু সাক্ষাদ্ভগবৎ প্রণীতং ন বৈ বিদুর্ঋষয়ো নাপি দেবাঃ। ন সিদ্ধমুখ্যা অসুরা মনুষ্যাঃ কুতো নু বিদ্যাধরচারণাদয়ঃ। স্বয়ম্ভুর্নারদঃ শম্ভুঃ কুমার কপিলো মনুঃ। প্রহ্লাদো জনকো ভীষ্মো বলির্বৈয়াসকির্বয়ম্ দ্বাদশৈতে বীজানীমো ধর্ম্মং ভাগবতং ভটাঃ। গুহ্যং বিশুদ্ধং দুর্ব্বোধং যজ্‌জ্ঞাত্বামৃতমশ্নুতে। এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং ধর্ম্মঃ পরঃ স্মৃত ইত্যাদি। এত ধর্ম্মপ্রবর্ত্তকা বিজানীম এব নতু স্বস্বত্যাদিষু প্রায়েণোপদিশাম ইত্যর্থঃ। যতঃ গুহ্যমপ্রকাশ্যং দুর্ব্বোধমন্যৈস্তথা গৃহিতুমশক্যঞ্চ। গুহ্যত্বে হেতুঃ যজ্‌-জ্ঞাত্বেতি। অতএব বক্ষ্যতে—প্রায়েণ বেদ তদিদং ন মহাজনোঽয়মিত্যাদি। মহাজনো দ্বাদশেভ্যস্তদনুগৃহীতসংপ্রদায়িভ্যশ্চান্যো মহাগুণযুক্তোঽপীত্যর্থঃ। তস্মাৎ সাধুক্তমহ্ন্যাপৃতার্ত্তেত্যাদি ॥ ৩।৯ ॥ ব্রহ্মা শ্রীগর্ভোদকশায়িনম্ ॥ ১১০ ॥

এতএব জ্ঞানাদি মার্গে সিদ্ধ মুনিগণও যদি ভক্তিবিমুখ হয়েন, তাহা হইলে সেই মুনিগণের প্রতিও অনাদর প্রকাশ করিয়া ৩।৯।১০ শ্লোকে শ্রীব্রহ্মা গর্ভোদশায়ী শ্রীভগবান্‌কে বলিয়াছিলেন—হে প্রভো! ভক্তিহীন অবিবেকীজনের সংসার-দুঃখ তো নিবৃত্তি হয়ই না, বিবেকীজনও যদি তোমাকে ভক্তি না করে, তাহা হইলে সেই দোষে অনিবার্য্য সংসার-দুঃখ উপস্থিত হইয়া থাকে। যে ঋষিগণ তুমি ও তোমার ভক্তগণের কথা হইতে বিমুখচিত্ত, তাহারা দিবাভাগে নানা ব্যাপারে ব্যাপৃত থাকে এবং উপবাসাদি দ্বারা ইন্দ্রিয়গণকে ক্লিষ্ট করিয়া থাকে। রজনীযোগে নিদ্রা করিয়াও নানা-সঙ্কল্পাত্মক চিত্তের বিক্ষেপে ক্ষণে ক্ষণে নিদ্রা ভাঙ্গিয়া যায়। অতএব, দিবা ও রজনীর মধ্যে কোন সময়েই ঐন্দ্রিয়ক সুখলব লাভ করিতে পারে না। দুরদৃষ্টবশতঃ অর্থলাভের জন্য কৃত উদ্যমও বিফল হইয়া থাকে। ইতি শ্লোকার্থ ॥ ১১০ ॥

শ্রীগোস্বামীপাদকৃত ব্যাখ্যা—দিবসে নানা ব্যাপারে ব্যাপৃত থাকা